

## যশোর

## যশোর বোর্ডে কমেছে পাশ ও জিপিএ-৫

👤 যশোর ব্যুরো

🕒 ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

এইচএসসি পরীক্ষার ফলাফলে যশোর বোর্ডে পাশের হার ও জিপিএ-৫ প্রাপ্তি কমেছে। গত বছর সর্বোচ্চ ফলাফলে দেশসেরা অবস্থানে থাকলেও এবার সেই অবস্থান হারিয়েছে। এইচএসসি-২০২১ এর ফলাফলে এই বোর্ডের পাশের হার ৮৩ দশমিক ৯৫। জিপিএ-৫ পেয়েছে ১৮ হাজার ৭০৩ জন শিক্ষার্থী। এইচএসসি-২০২১ এর ফলাফলে দেশসেরা অবস্থানে থাকা এই বোর্ডের পাশের হার ছিল ৯৮ দশমিক ১১। জিপিএ-৫ পেয়েছিল ২০ হাজার ৮৭৮ জন শিক্ষার্থী। ফলাফল অনুযায়ী, পাশের হার কমেছে ১৪ দশমিক ১৬ এবং জিপিএ-৫ প্রাপ্তি

কমেছে ২ হাজার ১৭৫। যশোর বোর্ডের প্রকাশিত ফলাফল থেকে জানা যায়, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ড থেকে ৯৮ হাজার ২৬৯ জন শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৮২ হাজার ৫০১ জন। উত্তীর্ণদের মধ্যে ছাত্র ৪০ হাজার ৮২১ জন এবং ছাত্রী ৪১ হাজার ৬৮০ জন। পাশের হার ৮৩ দশমিক ৯৫। জিপিএ-৫ পেয়েছে ১৮ হাজার ৭০৩ জন। বহিষ্কৃত হয়েছে ৯ জন। যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) সমীর কুমার কুণ্ডু জানান, এ বছর আইসিটি ছাড়া অন্য সব বিষয়ে সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ কারণে গতবারের তুলনায় পাশের হার ও জিপিএ-৫ প্রাপ্তি কিছুটা কমেছে। তবে এ ফলাফলে তারা সন্তুষ্ট।

শতভাগ পাশ ৩৬ প্রতিষ্ঠানে, শূন্য পাশ ছয় কলেজে : ৫৭২টি কলেজের মধ্যে এবার ৩৬টি শিক্ষাপ্রতিষ্ঠান শতভাগ পাশ করেছে। একই সঙ্গে ৬টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কেউ পাশ করতে পারেনি। বোর্ডের শতভাগ শূন্য পাশের এই শিক্ষাপ্রতিষ্ঠান ৬টি হলো কুষ্টিয়ার মিরপুর পোড়াপাড়ার হাজী নুরুল ইসলাম কলেজ, ঝিনাইদহ শৈলকুপার রাহাতুনেছা গার্লস স্কুল অ্যান্ড কলেজ, যশোরের কেশবপুরে সাউটবেঙ্গল কলেজ, নড়াইলের গোবরা মহিলা কলেজ, মাগুরার শিবরামপুর স্কুল অ্যান্ড কলেজ, একই জেলার রাওতারা এইচ এন সেকেন্ডারি স্কুল অ্যান্ড কলেজ। বিষয়টি নিশ্চিত করে যশোর শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক সমীর কুমার কুণ্ডু।

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023